

মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ২৭.০৪.২০১৫ তারিখে বগুড়া, সাতক্ষীরা, জয়পুরহাট, সিরাজগঞ্জ, ঝিনাইদহ ও নড়াইল জেলা
উন্নয়ন ও সমন্বয় কমিটির সঙ্গে ভিডিও কনফারেন্স এ প্রদত্ত দিক নির্দেশনার বাস্তবায়ন অগ্রগতি।

প্রদত্ত নির্দেশনা :

যে কোন উপায়ে মোংলা বন্দরকে সচল রাখতে হবে ;

মবক কর্তৃক গৃহীত পদক্ষেপ :

মোংলা বন্দর কার্যকরীভাবে সচল রয়েছে এবং বন্দরের কার্যক্রম ক্ষমতা আরও বৃদ্ধি করার জন্য বহুবিধ প্রকল্প হাতে নেয়া হয়েছে।

বর্তমান সরকার ক্ষমতায় আসার পর মোংলা বন্দরের ব্যবহার বৃদ্ধি ও উন্নয়নকল্পে অগ্রাধিকার ও বিশেষ গুরুত্ব প্রদান করে। এতে মোংলা বন্দরের ব্যবহার আশানুরূপভাবে বৃদ্ধি পেতে থাকে এবং মোংলা বন্দর পুনরায় একটি লাভজনক প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। বন্দর ব্যবহার বৃদ্ধির ধারাবাহিকতায় ২০১৭-২০১৮ অর্থ বছরের জাহাজ হ্যান্ডলিং এর সংখ্যা ৭৮৪ টি, কার্গো হ্যান্ডলিং ৯৭.১৬ লক্ষ মেঃ টন (আমদানি ও রপ্তানি) এবং ৪২৯৮৯ টিইইউজ কন্টেইনার হ্যান্ডেল করা হয়েছে এবং ২৬৬.৪২ কোটি টাকা রাজস্ব আয় করা সম্ভব হয়েছে।

সমুদ্র পথে বাণিজ্যের প্রসারসহ আঞ্চলিক যোগাযোগ এবং বন্দরের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২০০৯-২০১৮ পর্যন্ত মোট ৪৫৪ কোটি ৪৭ লক্ষ ১৯ হাজার টাকা ব্যয়ে মোট ০৯ টি উন্নয়ন প্রকল্প এবং ০৪ টি উন্নয়ন কর্মসূচী বাস্তবায়ন করা হয়েছে। ২০১৭-২০১৮ অর্থবছরে ০৯ টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়নধীন আছে এবং ০৬ টি উন্নয়ন প্রকল্প অনুমোদনের প্রক্রিয়াধীন আছে।

২০১৭-১৮ অর্থবছরে মোংলা বন্দরের অর্জন :

ক্রঃ নং	কার্যক্রম	অর্জন (২০১৭-১৮)	গত বছরের তুলনায় হ্রাস/বৃদ্ধি
১.	জাহাজ হ্যান্ডলিং	৭৮৪ টি	(+) ২৫.০৪ %
২.	কার্গো হ্যান্ডলিং	৯৭.১৬ লক্ষ মেঃ টন	(+) ২৯.৩৪ %
৩.	কন্টেইনার হ্যান্ডলিং	৪২৯৮৯ টিইইউজ	(+) ৫৯.৫০ %
৪.	গাড়ি হ্যান্ডলিং	১৭২৯৫ টি	(+) ৮.৭৩ %
৫.	রাজস্ব আয়	২৬৬.৪২ কোটি টাকা	(+) ১৭.৫৯ %
৬.	অডিট আপত্তি নিষ্পত্তি	১৯ টি	
৭.	হাইস্পিড বোট সংগ্রহ	০১ টি	
৮.	কন্টেইনার ও কার্গো হ্যান্ডলিং যন্ত্রপাতি সংগ্রহ	০৮ টি	
৯.	এডিপি বরাদ্দ বাস্তবায়ন	৩৯.৯৮৮৪ কোটি (৭৮.৩০%)	
১০.	নিসৃত তেল অপসারণকারী জনযান	০১ টি	
১১.	নতুন প্রকল্পের অনুমোদন	০৫ টি	

স্বাক্ষরিত ১৯-০২-০৩ /
পরিচালক (প্রশাসন)